

# ভাষা গুরুত্বপূর্ণ

안녕하세요

Здравствуй!

Hola

Hello

您好

alo



## স্বাস্থ্য বুলেটিন

সব স্বাস্থ্য বুলেটিন দেখার জন্য [nyc.gov/health](http://nyc.gov/health) - দেখুন।

বিনামূল্যের প্রতিলিপিসমূহ অর্ডার দেওয়ার জন্য 311 নম্বরে ফোন করুন।

**NYC**<sup>TM</sup>  
Health

## স্বাস্থ্য এবং ভাষায় প্রবেশাধিকার

- শুধুমাত্র স্বাস্থ্যকর খাওয়া, শরীরচর্চা এবং ভালো ডাক্তার রাখার থেকে স্বাস্থ্য আরও অনেক কিছুর দ্বারা প্রভাবিত হয়। আপনার পছন্দের ভাষায় স্বাস্থ্য পরিষেবা ব্যবহার করলে তা একভাবে একটি সুস্থ জীবনের দিকে আপনাকে নিয়ে যাবে।
- আপনার পছন্দের ভাষায় পরিষেবা পাওয়ার অধিকারকে বলা হয় ভাষায় প্রবেশাধিকার।
- ভাষায় প্রবেশাধিকার আইন সমস্ত নিউ ইয়র্কবাসীকে তাদের বিকল্পগুলি জানতে সাহায্য করে এবং স্বাস্থ্য পরিচর্যা সহ তাদের প্রয়োজনীয় জিনিসগুলি পেতে সাহায্য করে।
- আরও বেশি মানুষ স্বাস্থ্য পরিচর্যা অধিগত করলে তা সবার জন্য আরও স্বাস্থ্যকর শহর গড়ে তুলবে।



**নিউ ইয়র্কবাসীরা 200 টিরও বেশী ভাষায় কথা বলেন।**

NYC-তে ইংরেজি ছাড়া প্রথম যে তিনটি ভাষায় কথা বলা হয় সেগুলি হল স্প্যানিশ, রাশিয়ান এবং ক্যাটোনিজ।

# আপনার আইনি অধিকার



প্রায় 4.25 মিলিয়ন নিউ ইয়র্কবাসী ইংরেজি ছাড়া অন্য একটি ভাষায় বাড়িতে কথা বলে এবং তাদের মধ্যে অর্ধেকের বেশি ভালোভাবে ইংরেজি পড়তে বা বলতে পারেন না। এটিকে সীমিত ইংরেজির পারদর্শিতা (limited English proficiency, LEP) বলা হয়।



আপনার অভিবাসনের স্থিতি বা জিপ কোড নির্বিশেষে, আপনার পছন্দের ভাষায় সিটির সমস্ত পরিষেবা পাওয়ার অধিকার আপনার আছে।



নিউ ইয়র্কবাসী যাদের ভাষার ক্ষেত্রে সহায়তা প্রয়োজন তারা নিউ ইয়র্ক শহরের (New York City, NYC) যেকোন সরকারি এজেন্সিতে তাদের পছন্দের ভাষায় পরিষেবা পাওয়ার জন্য অনুরোধ করতে পারেন।


**এই আইন নিজের ভাষায় পরিষেবা পাওয়ার ক্ষেত্রে আপনার অধিকারকে সুরক্ষিত করে:**



- NYC: স্থানীয় আইন 30
- নিউ ইয়র্ক স্টেট: কার্যনির্বাহী আদেশ 26
- ইউ.এস. ফেডারেল সরকার: 1964 সালের নাগরিক অধিকার আইনের (Civil Rights Act) শিরোনাম VI এবং কার্যনির্বাহী আদেশ 13166

## বাধা সরানো

- যখন স্বাস্থ্য দপ্তরে বা যেকোন NYC সরকারি এজেন্সিতে দেখা করতে যাবেন, তখন আপনার পছন্দের ভাষায় পরিষেবার জন্য বলুন। কর্মচারী আপনার জন্য পেশাদার দোভাষীকে ডাকতে পারে।
- যখন আপনি NYC সরকারি এজেন্সিগুলিতে যাবেন তখন বিনা খরচে ভাষা পরিষেবার অনুরোধ করার জন্য আপনি "I speak" কার্ডটি নিয়ে যেতে পারেন। "I speak" কার্ডটি ডাউনলোড করার জন্য অথবা প্রিন্ট করার জন্য [nyc.gov/health](https://nyc.gov/health) তে যান এবং **I speak** (আমি কথা বলি) অনুসন্ধান করুন। এছাড়াও আপনি নিচের কার্ডটি কেটে নিতে পারেন।



# আপনার ভাষায় পরিষেবা

স্বাস্থ্য বিভাগের সমস্ত পরিষেবায় ভাষা বিষয়ক সহায়তা উপলব্ধ যার মধ্যে পড়ে:



সরকারি হাসপাতাল এবং ক্লিনিকগুলিতে স্বাস্থ্য পরিচর্যা (যার মধ্যে রয়েছে যৌন স্বাস্থ্যের ক্লিনিক, টিকা দেওয়ার ক্লিনিক, এবং যক্ষার ক্লিনিকসমূহ।)



আপনার টিকার রেকর্ডে প্রবেশাধিকার



মানসিক স্বাস্থ্যের প্রাথমিক চিকিৎসার প্রশিক্ষণ



নেইবারহুড হেলথ অ্যাকশন সেন্টারগুলিতে (Neighborhood Health Action Centers) কর্মসূচী



জন্ম ও মৃত্যুর সার্টিফিকেটের আবেদন

আপনার পছন্দের ভাষায় সিটির আরও পরিষেবাগুলি পাওয়ার জন্য **nyc.gov** দেখুন এবং **civic services** (নাগরিক পরিষেবা) অনুসন্ধান করুন।

# সংস্থানসমূহ

## সংযোগ করা



@nychealthy



nychealth



@nychealthy



nychealth



nyc health

## আরও জানুন

[nyc.gov/health](https://nyc.gov/health) এ যান এবং **Language Services** (ভাষা পরিষেবা) খুঁজুন

## সর্বশেষ স্বাস্থ্য বুলেটিন গ্রহণ করুন

ইমেল [healthbulletins@health.nyc.gov](mailto:healthbulletins@health.nyc.gov)



এই স্বাস্থ্য বুলেটিনের অতিরিক্ত ভাষা ও অন্যান্য অনুবাদ করা স্বাস্থ্যসামগ্রীর জন্য [nyc.gov/health/pubs](https://nyc.gov/health/pubs) - দেখুন। আপনার নিজের ভাষায় পরিষেবা পাওয়ার অধিকার আপনার আছে। নিউইয়র্ক সিটি স্বাস্থ্যবিভাগের সব অফিস এবং ক্লিনিকে এই পরিষেবাগুলি বিনামূল্যে পাওয়া যায়।